

২৯
(প্রমদাবাবুকে লিখিত)

ঈশ্বরো জয়তি

গাজীপুর
১৩ই ফেব্রুআরি, ১৮৯০

পূজ্যপাদেশু,

আপনার শারীরিক অসুস্থতা শুনিয়া চিন্তিত রহিলাম। আমারও কোমরে একপ্রকার বেদনা হইয়া রহিয়াছে, সম্প্রতি অত্যন্ত বাড়িয়াছে এবং যাতনা দিতেছে। বাবাজীকে দুই দিন দেখিতে যাইতে পারি নাই, তজ্জন্য তাঁহার নিকট হইতে আমার খবর লইতে এক ব্যক্তি আসিয়াছিল -- অতএব আজ যাইব। আপনার অসংখ্য প্রণাম দিব। আগুন বাহির হয়, অর্থাৎ অতি অদ্ভুত গুঢ় ভক্তির কথা এবং নির্ভরের কথা বাহির হয় -- এমন অদ্ভুত তিতিক্ষা এবং বিনয় কখন দেখি নাই। কোনও মাল যদি পাই, আপনার তাহাতে ভাগ আছে নিশ্চিত জানিবেন। কিমধিকমিতি --

দাস

নরেন্দ্র